

বঙ্গাভবন ২৮ মে ২০২৩:

পুলিশের প্রতিটি সদস্যকে তাদের কার্যক্রমে জনবান্ধব হওয়ার নির্দেশ দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন।

পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আব্দুল্লাহ আল মামুন দুপুরে বঙ্গাভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে রাষ্ট্রপতি এ নির্দেশ দেন।

সাক্ষাৎকালে আইজিপি বাংলাদেশ পুলিশের সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন।

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বলেন, পুলিশকে জনগণের বন্ধু হিসেবে কাজ করতে হবে। রাষ্ট্রপতি জনস্বার্থে বিভিন্ন মামলার নিষ্পত্তিতে যথাসম্ভব দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য আইজিপি-কে নির্দেশ দেন। তিনি বলেন, সাইবার ক্রাইম মোকাবেলায় পুলিশের প্রতিটি সদস্যকে প্রযুক্তি জ্ঞানে প্রশিক্ষিত করে গড়ে তুলতে হবে।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহউদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।

পরে, লিবিয়ায় নবনিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মেজর জেনারেল আবুল হাসনাত মোহাম্মদ খায়রুল বাশার বঙ্গাভবনে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সঙ্গে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে নতুন রাষ্ট্রদূত তার দায়িত্ব পালনে রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা ও দিক নির্দেশনা কামনা করেন।

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন নবনিযুক্ত রাষ্ট্রদূতকে লিবিয়ায় প্রবাসী বাংলাদেশিদের কল্যাণে কাজ করার নির্দেশ দেন। বাংলাদেশ ও লিবিয়ার মধ্যে বাণিজ্য বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশে বিদ্যমান বিনিয়োগ সম্ভাবনা লিবিয়ার বিনিয়োগকারীদের সামনে তুলে ধরারও নির্দেশ দেন রাষ্ট্রপতি ।